

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
অপারেশনস্ অধিশাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্ব: ৫৮.০২.০০০০.০০৯.০০.০২৩(অংশ-১).২১- ২৭০

তারিখ: ০৬ বৈশাখ, ১৪৩৩
২৯ এপ্রিল, ২০২৬

প্রাপক:


সম্পাদক
দৈনিক যুগান্তর

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬” উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতা অংশগ্রহণের লক্ষ্যে ০১ (এক) টি বিজ্ঞপ্তি এতদসঙ্গে প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তি আপনার পত্রিকায় আগামী ২৩/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে যেকোন ০১ (এক) দিন প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। বিজ্ঞপ্তি প্রকাশের পর পত্রিকার ০১ (এক) টি কপি এবং বিল অত্র কার্যালয়ে প্রেরণ করা জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ পাতা


২২.০৪.২০২৬

(মোঃ বশির আহমেদ)
পরিচালক (অপারেশনস্)
অ্যাডিশনাল ডিআইজি
ও

আহবায়ক, সংশ্লিষ্ট উপকমিটি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (উক্ত বিজ্ঞপ্তি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। সহকারী পরিচালক (জনসংযোগ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রকাশের অনুরোধসহ)
- ৩। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৯.০০.০২৩(অংশ-১).২১-২৭৪

তারিখ: ০৬ বৈশাখ, ১৪৩৩
২৯ এপ্রিল, ২০২৬

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসংগে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬” উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সারাদেশে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী অনুযায়ী সারাদেশে স্কুল, মাদ্রাসা ও কলেজের ছাত্র/ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার অনুষ্ঠান রয়েছে। নিম্নে রচনা প্রতিযোগিতার ৩ টি গ্রুপের বিষয়সমূহ দেওয়া হলো:

রচনা প্রতিযোগিতা:


- ১। ‘ক’ গ্রুপ: ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য (১০০০ শব্দের মধ্যে)
বিষয়: “সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা”
- ২। ‘খ’ গ্রুপ: ৯ম হতে ১০ম শ্রেণি বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য (১৫০০ শব্দের মধ্যে)
বিষয়: “তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ”
- ৩। ‘গ’ গ্রুপ: একাদশ হতে স্নাতক বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য (২০০০ শব্দের মধ্যে)
বিষয়: “মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি”

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। বাংলাদেশের সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান এবং স্নাতক/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতা অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোনক্রমেই রচনা ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩। রচনা প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর “রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৬” লিখতে হবে।
- ৬। রচনা আগামী ১৬/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীদের নিকটস্থ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/মেট্রোঃ কার্যালয় এর উপপরিচালক/সহকারী পরিচালক বরাবর সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।

পুরস্কার:

রচনা প্রতিযোগিতায় গ্রুপওয়ারি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।



(মোঃ বশির আহমেদ)
পরিচালক (অপারেশনস্)
অ্যাডিশনাল ডিআইজি

ও

আহবায়ক, রচনা ও চিত্রাঙ্কন
প্রতিযোগিতা আয়োজন এবং মূল্যায়ন উপকমিটি